

বিহত জনের  
স্বপ্ন

আবু সিদ্দিক

**bihotojoner upakhyan**

a collection of short stories by abu siddik

ISBN 978-81-945846-5-0

INR 200.00

প্রকাশ জানুয়ারি ২০২১, স্বল্প লেখক

মলাট ও সৃজন কৌশিক গুড়িয়া

রবি প্রকাশের পক্ষে রুমা দেগুড়িয়া কর্তৃক ৫৭ বীরনগর, উৎস ১/৩ডি,

বাঘাযতীন, কলকাতা ৭০০০৮৬ থেকে প্রকাশিত, জ্যোতি কলকাতা থেকে

মুদ্রিত। রবি প্রকাশ ৯৮৩০২৫৫৪৭২ / [robibar.patrika@gmail.com](mailto:robibar.patrika@gmail.com)

ভিতরের পাতার কিছু ছবি গুগল থেকে নেওয়া।

## গল্প সূচি

কুরমি ৫ কেরু ৯ খামারু ১৪ গনেশদার মুদির দোকানে ১৮

পরান ২৩ দিনু বাবু ২৭ ছিয়ারন বেওয়া ৩১

মধু ঘোষ ৩৫ শেরু ৪০ সাহেব ৪৩ হারুৱা ৫১

শান্তি মুর্মু ৫৫ কবি ৬০ মকবুল ৬৫ মদেরহাটি ৬৯

শীতের এক মোলায়েম সকালে ৭৩

আজাদ ভাই ৭৭ আলু ৮৮



## কুরমি

'বাবু, হাজার টাকা।' ভয়ে ভয়ে ঢোক গিলে চায় কুরমি। মুখ মলিন, শরীর ছাই মাখা।

এত সকালে দরজার সামনে কুরমি কে দেখে মিঃ সেন বেশ বিরক্ত। তবুও কাজের মেয়ে। এই লকডাউনে এসেছে যখন, নিশ্চয় কিছু বিপদে পড়েছে। তাই মুখে বিরক্তির মেঘ সরিয়ে সূর্যের ঈষৎ আভা মেখে বলে, 'লকডাউন চলছে। ট্রেকার, ট্রেন বাস সব বন্ধ। তুই এত সকালে এলি কী করে?'

মিঃ সেনের জিজ্ঞাসার মধ্যে কোন আন্তরিকতা বা সহানুভূতি ছিল না। কিছু তো একটা বলতে হবে তাই সে এমনিই বলে। ফর্মালিটি।

'ট্রেকারে বাবু। ছাগল ভর্তি ট্রেকার। প্রতি রোববার আমাদের মুন্ডাপাড়া থেকে একটা লাল ট্রেকার আসে আপনাদের শহরে, বাবু। সামনের ছিটে জায়গা পাই নি। তাই ছাগলের সাথে দাঁড়িয়ে দাঁড়িয়ে আসতে পা ধরে গেল। একটু পা রাখার জায়গা ছিল না, বাবু। খাসি, পাঁঠাগুলি থরে থরে সাজানো। ব্যা ভ্যা কিছু নায়।

মনমরা ভাষাহীন চোখ। আর চোখের কোন দিয়ে জল গড়িয়ে গড়িয়ে